

আ কা শ দে খা

কা জী জ হি রু ল ই স লা ম

ধুবতারা দেখার লোভে উঠে এলাম ছাদে
আকাশটা আজ গভীর রাতে কাঁদে
কি তোমার দুঃখ স্নেহময়ী?

কাজল মেখে কাঁদছো তুমি ঠুঁটে দিয়ে খিল
কেমন করে দেখি তোমার সারা গায়ে তিল
কি তোমার কষ্ট প্রিয়তমা?

ভেজা আঁচল ছড়িয়ে দিলে রোদের বারান্দায়
মুখ কালো এক মেঘের নদী তোমাকে ভেংচায়
কি বেদনায় নীল তুমি ভগ্নি?

জ্যোৎস্না জলে ভিজতে এসে রাতের পুকুরে
পা পিছলে পড়লে না হয় সুখের অদূরে
কি যাতনা তাতেগো কন্যা?

১ সেপ্টেম্বর, ২০০৫
আবিদজান, আইভরিকোস্ট